

27 মে 2020

বিষয়: 4 জুন: CPS-এ স্বাগত - তথ্য সেশন

প্রিয় পরিবারগুলি:

আপনার সন্তানের জন্য কেস্ট্রিজ পাবলিক স্কুল বেছে নেওয়ার জন্য ধন্যবাদ! আপনার সাথে দেখা করতে আমরা উদগ্রীব। আমাদের কমিউনিটিতে আপনার পরিবার ও সন্তানকে স্বাগত জানাতে আপনার স্কুল একটি ভার্চুয়াল ইনফর্মেশন সেশনের আয়োজন করেছে আগামী 4 জুন। নথিভুক্ত হতে এবং দলের কাছে প্রশ্নের উত্তর চাইতে নিচের তালিকা দেখুন। নথিভুক্ত হওয়ার পর, আমরা আপনাদের তথ্য পাঠাবো কীভাবে লগইন করতে হয় বা কল ইন করতে হয়, যাতে অন্তর্ভুক্ত হবে আপনার বাড়ির ভাষায় সরাসরি অনুবাদ।



[অ্যামিগোজ স্কুল](#), 4 জুন, দুপুর 1 - 2 টা  
[বন্ডউইন](#), 4 জুন, সন্ধ্যা 7 - 8 টা  
[কোম্বিজপোর্ট](#), 4 জুন, দুপুর 1 - 2 টা  
[ডঃ মার্টিন লুথার কিং জুনিয়র](#), 4 জুন, বিকাল 4 - 5 টা  
[ক্লেচার মেনার্ড অ্যাকাডেমি](#), 4 জুন, বিকাল 4 - 5 টা  
[গ্রাহাম অ্যান্ড পার্কস](#), 4 জুন, সন্ধ্যা 7 - 8 টা

[হ্যাগার্টি](#), 4 জুন, বিকাল 4 - 5 টা  
[কেনেডি লংফেলো স্কুল](#), 4 জুন, দুপুর 1 - 2 টা  
[কিং ওপেন](#), 4 জুন, দুপুর 1 - 2 টা  
[মোর্স স্কুল](#), 4 জুন, বিকাল 4 - 5 টা  
[পির্ভিডি](#), 4 জুন, দুপুর 1 - 2 টা  
[টোবিন মন্টেসরি](#), 4 জুন, বিকাল 4 - 5 টা

একটি শিশুর জীবনে সরকারী স্কুলে ভর্তি হওয়া একটা দারুণ ব্যাপার। আমরা জানি যে, আপনার সন্তানকে এর জন্য প্রস্তুত করা কতটা চ্যালেঞ্জিং হতে পারে, বিশেষ করে বর্তমান সময়ে। যদিও স্কুল বিল্ডিংগুলি বন্ধ আছে, তবুও CPS -এ শিক্ষা ও সংযোগ চালু আছে।

আপনার হয়ত প্রশ্ন থাকতে পারে যে, যখন আমাদের স্কুল বিল্ডিংগুলি খোলার মতো নিরাপদ আবস্থা হবে তখন স্কুলের চেহারা কেমন হবে। যদিও আমাদের কাছে, ফল (হেমন্ত)-এ স্কুল কেমন হবে তার নির্দিষ্ট তথ্য নেই, তার জন্য পরিকল্পনা করা কিন্তু খেমে নেই। আমরা কমিউনিটিকে এই বিষয় জানাতে থাকব। কিছু প্রধান বিষয়গুলি:

- **স্বাস্থ্য ও নিরাপত্তা:** আমরা একটানা রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য ও শিক্ষা কর্মকর্তাদের সাথে যোগাযোগ রক্ষা করে চলেছি, যারা সম্প্রতিকতম তথ্য ও নির্দেশিকা প্রদান করেন, যাতে স্কুল ও কমিউনিটিকে নিরাপদ রাখা যায়। আমরা আমাদের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সতর্ক ও মনোযোগী থাকব যখন আমরা স্কুল খোলার কথা পরিকল্পনা করব।
- **ভবিষ্যতের দিকে তাকিয়ে:** কীভাবে স্কুলগুলি পরবর্তী স্কুল বর্ষে কাজ করবে সেই বিষয়ে একাধিক সম্ভাব্য পরিবর্তনের জন্য CPS পরিকল্পনা করছে। অনেক বিষয় পরিবর্তিত হতে পারে, যাতে অন্তর্ভুক্ত হবে দৈনিক সময়সূচি, ক্যালেন্ডার, বাস

রুটগুলি এবং স্কুল মিল প্রোগ্রাম এবং প্রযুক্তির পরিকল্পনা।

- **আপনার সাথে যোগাযোগ:** আপনার স্কুল খুব শীঘ্রই আপনাকে এই বিষয়ে জানাবে এবং আপনি স্কুল ও ডিস্ট্রিক্ট নিউজলেটার পেতে শুরু করবেন এই গ্রীষ্ম থেকেই। স্কুলের প্রথম দিন যত এগিয়ে আসবে কিছু ফর্ম আপনাদের পূরণ করতে হবে এবং শিক্ষক/শিক্ষিকারা তাদের পরিচয় দেবেন। এটির পরিবর্তনের সাথে, আমরা চেষ্টা করব যাতে আপনাদের জন্য কোনো চমক না থাকে, যাতে আপনারা আপনাদের সন্তানের প্রথম স্কুলের দিনের জন্য আত্মবিশ্বাসী ও প্রস্তুত অনুভব করেন। আপনি এছাড়াও আপডেট পেতে পারেন [www.cpsd.us](http://www.cpsd.us) -এর মাধ্যমে এবং দেখতে পারেন - খুঁজে দেখুন! কেম্ব্রিজ, আরও উপাদানের জন্য।

সমস্ত রকমের অনিশ্চয়তা সত্ত্বেও, আমরা জানি যে আপনার সন্তানের শিক্ষকেরা সত্যিই তাদের সাথে দেখা করার জন্য উন্মুখ। খুব ভালো হতো যদি আমরা স্কুলে আসার জন্য নির্দিষ্ট কার্যকলাপ বা অন্যান্য শিশু ও পরিবারের সাথে দেখা করার জন্য কার্যকলাপ ঘোষণা করতে পারতাম, কিন্তু সেই সিদ্ধান্তগুলি নির্ভর করবে, কোনদিকে বর্তমান এই জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি এগোয়। এটি যে কোনো আকারের হোক যাক না কেন, আমরা সবরকম চেষ্টা করব যাতে আপনাদের কোনো অসুবিধা না হয়।

আমরা খুঁবি খুঁশি যে আপনার সন্তান ও পরিবার পরের স্কুল বর্ষে CPS কমিউনিটিতে যোগ দেবে। আমরা সবরকম চেষ্টা করছি আমাদের নিজেদের ও একে অপরের সবচেয়ে ভালো পরিচর্যা করতে -- এবং আমাদের আশা যে আপনারও হয়ত তাই করছেন। আপনার সাথে ব্যক্তিগতভাবে দেখা করার জন্য আমি উন্মুখ।

ধন্যবাদান্তে ইতি,  
কেনেথ এন. সেলিম, এডুঃ ডিঃ  
সুপারিন্টেন্ডেন্ট অফ স্কুলস